



বাংলাদেশ দূতাবাস
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রিদ, স্পেন

Embassy of the People's Republic of Bangladesh
Embajada de la República Popular de Bangladesh
Madrid, Spain



নং-১৯.০১.৩৪০১.২০০.৩৩.০০১.২১

২৬ মার্চ ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

স্পেনে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন

মাদ্রিদ, ২৬ মার্চ ২০২৪ : মাদ্রিদস্থ বাংলাদেশ দূতাবাস ২৬ মার্চ ২০২৪ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে উদ্‌যাপন করে। রাষ্ট্রদূত মোহাম্মদ সারওয়ার মাহমুদ, এনডিসি জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে দিবসের কর্মসূচি শুরু করেন। দূতাবাসের সভাকক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের বাণী পাঠ করাসহ মুক্তিযুদ্ধের উপর একটি প্রামাণ্যচিত্র প্রদর্শিত হয় এবং দিবসের উপর তাৎপর্যপূর্ণ আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনা সভা শেষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, মহান মুক্তিযুদ্ধে সকল শহীদের রুহের মাগফিরাত কামনা এবং দেশের শান্তি, সমৃদ্ধি ও উন্নতি কামনা করে মোনাজাত করা হয়।

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালন উপলক্ষে ২৬ মার্চ সন্ধ্যা ০৮:০০ ঘটিকায় স্থানীয় পাঁচ তারকা হোটেল ইন্টারকন্টিনেন্টাল মাদ্রিদে এক সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। সংবর্ধনা অনুষ্ঠানে স্পেনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের উত্তর আমেরিকা, পূর্ব ইউরোপ এবং এশিয়া-প্রশান্ত অঞ্চলের মহাপরিচালক জনাব কার্লোস মরেনো ব্লাঙ্কো প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। স্পেনের পররাষ্ট্র মন্ত্রণালয়সহ বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের উচ্চপদস্থ কর্মকর্তা, বিভিন্ন দেশের রাষ্ট্রদূত ও কূটনীতিক, সুশীল সমাজ ও গণমাধ্যমের প্রতিনিধি, সামাজিক ও রাজনৈতিক সংগঠনের নেতৃত্বদ্বন্দ্ব, ব্যবসায়ী প্রতিনিধিবৃন্দ ও স্পেন প্রবাসী বাংলাদেশী গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে মহান স্বাধীনতা যুদ্ধ, বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়ন, পর্যটন শিল্প বিষয়ক বিবিধ প্রামাণ্য চিত্র প্রদর্শিত হয়। এছাড়াও অতিথিরা একজন প্রবাসী শিল্পীর মনোমুগ্ধকর নৃত্য উপভোগ করে। রাষ্ট্রদূত মোহাম্মদ সারওয়ার মাহমুদ, এনডিসি সংবর্ধনা অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিদের স্বাগত জানান এবং শুভেচ্ছা বক্তব্য উপস্থাপন করেন।

শুভেচ্ছা বক্তব্যে রাষ্ট্রদূত সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির উদ্দেশে গভীর শ্রদ্ধা নিবেদন করেন যার অবিসংবাদিত নেতৃত্বে জাতি পরাধীনতার শৃঙ্খল ভেঙ্গে ছিনিয়ে এনেছিল স্বাধীনতার রক্তিম সূর্য। তিনি বিনশ শ্রদ্ধা জানান জাতীয় চার নেতা, মহান মুক্তিযুদ্ধে শাহাদাৎ বরনকারী ত্রিশ লাখ শহিদ মুক্তিযোদ্ধা, দুই লাখ সশ্রমিক বীরসঙ্গীতসহ বীরমুক্তিযোদ্ধা ও মুক্তিযুদ্ধের সংগঠকবৃন্দকে। তিনি কৃতজ্ঞতা জানান সকল বন্ধু রাষ্ট্র, সংগঠন ও ব্যক্তির প্রতি যারা আমাদের মহান মুক্তিযুদ্ধে সহায়তার হাত বাড়িয়ে দিয়েছিলেন। তিনি স্পেন প্রবাসী সকল বাংলাদেশীকে মহান স্বাধীনতা দিবসে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি আরো বলেন যে বঙ্গবন্ধু সবসময় রাজনৈতিক স্বাধীনতার পাশাপাশি একটি সুখী-সমৃদ্ধ দেশ গড়ার স্বপ্ন দেখতেন। তাঁর সেই স্বপ্ন বাস্তবায়নে বর্তমান সরকার নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে বাংলাদেশ আজ উন্নয়নের মহাসড়কে দুর্বীর গতিতে এগিয়ে যাচ্ছে। দারিদ্র্য বিমোচন, শিক্ষা, স্বাস্থ্য, মানবসম্পদ উন্নয়ন, নারীর ক্ষমতায়ন, শিশু ও মাতৃমৃত্যু হার হ্রাস, লিঙ্গ বৈষম্য দূরীকরণ, গড় আয়ু বৃদ্ধিসহ আর্থ-সামাজিক উন্নয়নের বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশ অভাবনীয় সাফল্য অর্জন করেছে। তিনি তাঁর বক্তব্যে স্পেন-বাংলাদেশ দ্বিপাক্ষিক সম্পর্ক উন্নয়নের বিভিন্ন দিক সম্পর্কে আলোকপাত করতে গিয়ে বলেন যে, স্পেন, ইউরোপীয় ইউনিয়নে বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম রপ্তানী গন্তব্য। বাস্তবায়িত ১.১ মিলিয়ন রোহিঙ্গার বাংলাদেশে ২০১৭ সাল থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঊদ্যোগে আশ্রয়দানকে স্মরণ করে তিনি এ বিষয়ে স্পেনসহ আন্তর্জাতিক মহলকে রোহিঙ্গাদের তাঁদের স্বদেশভূমি মিয়ানমার এ নিরাপত্তা ও সম্মানের সঙ্গে প্রত্যাবর্তনে আরো কার্যকরী ভূমিকা পালনের আহ্বান জানান।

প্রধান অতিথি, স্পেনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের উত্তর আমেরিকা, পূর্ব ইউরোপ এবং এশিয়া-প্রশান্ত অঞ্চলের মহাপরিচালক জনাব কার্লোস মরেনো ব্লাঙ্কো অভ্যর্থনা অনুষ্ঠানে বক্তব্য উপস্থাপন করেন। তিনি বাংলাদেশের অব্যাহত উন্নয়নে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বের দৃঢ় প্রশংসা করেন। তিনি তাঁর বক্তব্যে বাংলাদেশ স্পেন দ্বি-পাক্ষিক সম্পর্ক আরো সম্প্রসারণে সর্বাঙ্গিক সহযোগিতার আশ্বাস দেন। হোটেল ইন্টারকন্টিনেন্টালে জাতীয় দিবসের সম্বর্ধনা অনুষ্ঠানের ভোজসভায় উপস্থিত সকলকে বিদেশী খাবারের পাশাপাশি সুস্বাদু বাংলাদেশী খাবার দিয়ে আপ্যায়ন করা হয়।

